দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 23 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 8

025

# এসএসসি : মানিকগঞ্জে ম্যাজিস্ট্রেটের উপর হামলা

(স্টাফ রিপোর্টার)

গতকাল এসএসসি পরীক্ষায় ছয় শতাধিক পরীক্ষার্থী বহিষ্কারের খবর পাওয়া গেছে। এর মাঝে ঢাকা বোর্ডে ৪৪০ জন, রাজশাহী বোর্ডের অধীনে বিভিন্ন কেন্দ্র থেকে দুই শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। গতকাল ভূগোল পরীক্ষা ছিল।

গতকাল মানিকগঞ্জে পরীক্ষা শেষে বিক্ষুব্ধ পরীক্ষার্থী এবং

(৩-এর পৃঃ দ্রঃ)

## এসএসসি

(১-এর পৃঃ পর)

নকল সরবরাহকারী দুজন ম্যাজিস্ট্রেটের ওপর হামলা চালায়। মানিকগঞ্জ থেকে দৈনিক বাংলার স্টাফ রিপোর্টার জানান:

গতকাল সকালে মানিকগঞ্জ মডেল হাইস্কুল উপকেন্দ্রে তিন জন পরীক্ষার্থী বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে পরীক্ষা শেষে দুজন ম্যাজিস্ট্রেট জীপে করে কেন্দ্র থেকে ফেরার পথে ঘেরাও হন। এ সময় তাদের গাড়ি ভাংচুর করা হয়। ইটপাটকেল নিক্ষেপে উপজেলা ম্যাজিস্ট্রেট ও দুজন পুলিশ আহত হয়। এ খবর পেয়ে বেশ কিছু পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি আয়ত্তে আনে।

এদিকে বহিষ্কৃত দুজন পরীক্ষার্থী কীটনাশক ওষুধ খেয়ে আত্মহত্যার চেষ্টা করে। তাদের মানিকগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঈশ্বরদী থেকে নিজস্ব সংবাদদাতা জানান: পাবনা জেলা প্রশাসক গতকাল ঈশ্বরদী কেন্দ্রে এক ঝটিকা অভিযান চালিয়ে ৮৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। তিনি কর্তব্যে অবহেলার দায়ে ছয়জন শিক্ষককেও বহিষ্কার করেন। এ সময় পরীক্ষার্থীদের দেহতল্লাশী করে এবং কেন্দ্রের ভেতর থেকে ২৪ বস্তা নকল উদ্ধার করা হয়।